

## চার বেসরকারি মেডিকেলকে কারণ দর্শানোর নোটিশ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক •

ভর্তির শর্ত সা মনায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীস্থিত চারটি বেসরকারি মেডিকেল কলেজকে কারণ দর্শাতে বসেছে কর্তৃপক্ষ। কলেজগুলো হলো ডা. সিরাজুল ইসলাম মেডিকেল কলেজ, নাইটিংগেল মেডিকেল কলেজ, এম এইচ সমরিতা মেডিকেল কলেজ ও ডেন্টা মেডিকেল কলেজ।

গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলেজ পরিদর্শক বিমল কান্তি ভূঞা প্রথম আলোকে বলেন, 'এ চারটি মেডিকেল কলেজ শিক্ষার্থী ভর্তির ন্যূনতম যোগ্যতা

১২০ নম্বরের সিদ্ধান্ত না মেনে পরীক্ষায় ভর্তির বিজ্ঞাপন দিয়েছে। এ কারণে তাদের কারণ দর্শাতে বসে হয়েছে।

প্রদত্ত মেডিকেল ও ডেন্টাল কলেজগুলোতে ২০১৩-১৪ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তির জন্য আগ্রহী ছাত্রছাত্রীদের স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের ভর্তি পরীক্ষায় ২০০ নম্বরের মধ্যে সর্বনিম্ন ১২০ নম্বর পেতে হবে, এমন সিদ্ধান্ত হয়। কিন্তু ১০ ফেব্রুয়ারি থেকে বিভিন্ন সংবাদপত্রে কলেজগুলো এর কম নম্বর পেলেও আবেদন করতে পারবে বলে বিজ্ঞাপন প্রচার করেছে।